ইস্যু ব্রিফ

আন্তর্জাতিক

# তামাকের বর্জ্য বিষয়ে আলোচনা: তামাক কোম্পানির "সবুজ" প্রচারণার নেপথ্যের কাহিনী

মে ২০২২

**২০২১ সালের নভেম্বর মাসে, একটি বৃহৎ বহুজাতিক কোম্পানি ডাউ জোনস কর্তৃক পরিচালিত স্থায়িত্ব সূচকে অবস্থানের বিশ বছর পূর্তি উদযাপন করে।[1] এই অর্জন উদযাপনের জন্য তৈরি করা চটকদার একটি ভিডিওতে কোম্পানির বি লাসবহুল নৌযানটিকে স্বচ্ছ নীল পানির মধ্য দিয়ে যাত্রা করতে দেখা যায়। আর ভিডিওর নেপথ্ উদ্দীপক মিউজিক বাজতে শোনা যায়।[2]**

এটাই একমাত্র উদযাপনের ঘটনা নয়: অন্যত্র এই কোম্পানি দাবি করেছে যে এটি পরিবেশগত, সামাজিক ও সুশাসন (ESG) সংক্রান্ত রিপোর্টের অন্য একটি সূচকে "গোল্ড স্ট্যান্ডার্ড" অর্জন করেছে।[3] এছাড়া এটি জলবায়ু নেতা হিসেবে ভূমিকা পালনের জন্য ফিন্যান্সিয়াল টাইমস থেকে একটি পুরস্কারও অর্জন করেছে।[4] 2022 সালের ফেব্রুয়ারি মাসে অনুষ্ঠিত প্রভাবশালী বিনিয়োগকারীদের নিয়ে আয়োজিত একটি ইভেন্টে এই কোম্পানি প্রবন্ধ উপস্থাপনায় এটির ESG অর্জনগুলো তুলে ধরেছে, যার মধ্যে কোম্পানিটির সম্প্রতি অর্জন করা সব ESG পুরস্কারের কথা তুলে ধরা হয়েছে।[5] আর্থিক বিশ্লেষক, গণমাধ্যম ও নীতি নির্ধারকদের কাছে সুকৌশলে উপস্থাপন করা সরল বার্তাটি হলো: এটি এমন একটি কোম্পানি যা মানুষ ও এই ধরণীর প্রতি এর অঙ্গীকারাবদ্ধতার জন্য বৈশ্বিক স্বীকৃতি অর্জন করেছে।

আর এই খাতে এটিই একমাত্র কোম্পানি নয়। এই কোম্পানির অন্যতম প্রধান প্রতিদ্বন্দ্বী অন্য একটি কোম্পানি সম্প্রতি ক্লাইমেট ডিসক্লোজার প্রজেক্ট (CDP)-এর তরফ থেকে টানা পঞ্চম বছরের জন্য স্থায়িত্ব সূচকে "এ-লিস্ট" মর্যাদা অর্জন করেছে।[6]

এসব কোম্পানি টেকসই পণ্য তৈরি করার মাধ্যমে সত্যিকার অর্থেই বিশ্বব্যাপী টেকসই উন্নয়নের ক্ষেত্রে নেতৃত্ব দিচ্ছে বলে যদি আপনি ভেবে থাকেন সেক্ষেত্রে আপনাকে দোষ দেয়া যায় না। কিন্তু আপনার এই ধারণা ভুল। প্রথম কোম্পানিটি হলো ব্রিটিশ আমেরিকান টোবাকো (BAT) এবং দ্বিতীয়টি হলো ফিলিপ মরিস ইন্টারন্যাশনাল (PMI)। এরা হচ্ছে বিশ্বের সর্ববৃহৎ দুইটি বহুজাতিক তামাক কোম্পানি, যারা এমন একটি শিল্পের অংশ যে শিল্পের প্রধান পণ্য দীর্ঘমেয়াদী ব্যবহারকারীদের প্রতি দুইজনের একজনের প্রাণ কেড়ে নেয়, যার ফলে প্রতি বছর ৪ মিলিয়নেরও বেশি লোক মৃত্যুবরণ করে।[7]

## যদিও কয়েক দশক ধরেই আমরা জানি যে তামাক স্বাস্থ্যের জন্য ক্ষতিকর, কিন্তু তামাক শিল্পেরপরিবেশগত প্রভাবের দিকটি প্রায় ক্ষেত্রেই উপেক্ষিত থেকে যায়। তামাক প্রক্রিয়াজাতকরণের র পুরো সময়জুড়ে বনভূমি উজাড় হওয়া, পানিদূষণ বর্জ্য তৈরি করা পর্যন্ত ইত্যাদি উল্লেখযোগ্য নেতিবাচক পরিবেশগত প্রভাবও সৃষ্টি করে থাকে।

## উৎপাদনের প্রতিটি ধাপে তামাক শিল্প পরিবেশের উপর নেতিবাচক প্রভাব ফেলে।

সব তামাক কোম্পানি তাদের ESG র‍্যাংকিং ও স্বীকৃতিগুলোর প্রচারণা চালায়। বিশ্বের সর্ববৃহৎ চারটি তামাক কোম্পানি, BAT, PMI, জাপান টোবাকো ইন্টারন্যাশনাল (JTI) ও ইম্পেরিয়াল ব্র্যান্ডস তাদের ওয়েবসাইটে CDP ও অন্যান্য পরিবেশ বিষয়ক সূচকের র‍্যাংকিং দৃষ্টিগোচর করে উপস্থাপন করে থাকে। তারা জানে তারা কী করছে[৮]: এই বার্তাগুলোর মাধ্যমে তারা বুঝাতে চায় যে তারা সত্যিকার অর্থেই ভালো কাজ করছে। কিন্তু এধরনের র‍্যাংকিং স্কিমের পিছনে তিনটি গোপন সত্য লুকিয়ে আছে:

1. টেকসই বিনিয়োগ বিশ্লেষকরা সতর্ক করে দিয়েছেন যে সাধারণত ESG মানদণ্ডের জন্য কোম্পানির প্রকৃত মুখ্য পণ্য বা পরিষেবাগুলোর স্থায়িত্বকে মোটেই বিবেচনা করা হয় না, বরং কোম্পানি কী কাজ করে সে বিষয়টির পরিবর্তে কোম্পানি কিভাবে কার্যক্রম পরিচালনা করে সে বিষয়টির প্রতি নজর দেওয়া হয়। এর অর্থ হলো তামাক কোম্পানি "উদ্ধত রকমের" উচ্চ নাম্বার পেতে পারে।[9] টোবাকো ফ্রি পোর্টফোলিওস যেমনটা জানিয়েছে: "ESG বা স্থায়িত্ব সংক্রান্ত বিষয়গুলোর মধ্যে ব্যবসা প্রতিষ্ঠানের প্রধান উদ্দেশ্য ও প্রভাব বিবেচনা করা অপরিহার্য নয়।"[10] সেকারণে ESG অ্যাওয়ার্ডগুলোতে সাধারণত তামাকজাত পণ্যের অদ্বিতীয় বিষয়টি ও প্রাণঘাতী দিকটি উপেক্ষা করা হয়।[11] এছাড়াও, সাধারণত তামাক কোম্পানিগুলোকে সত্যিকারের টেকসই কোম্পানিগুলোর বিপরীতে মূল্যায়ন না করে শুধু একে অপরের বিপরীতে মূল্যায়ন করা হয়।

2. এছাড়াও কোম্পানিগুলো তাদের ESG কার্যক্রম মূল্যায়নের জন্য বৈশ্বিক পর্যায়ে সম্মত হওয়া একক কোনো বিধিনিষেধ না থাকার বিষয়টির সুযোগ গ্রহণ করে থাকে। বিশ্বব্যাপী 600টিরও বেশি ESG প্রক্রিয়া রয়েছে যেগুলোর মধ্যে কোনো সমন্বয় নেই।[12] আর যেহেতু ESG রিপোর্ট প্রকাশ করার কোনো নির্ধারিত মানদণ্ড নেই, তামাক কোম্পানিগুলো স্থায়িত্ব সংক্রান্ত শুধু এমন ডাটাগুলো তুলে ধরার স্বাধীনতা পায় যেগুলো তাদের ইতিবাচক ভাবমূর্তি তুলে ধরে।

3. এছাড়া তামাক কোম্পানিগুলো প্রায় কোনো ধরনের বাহ্যিক নিরীক্ষণের সম্মুখীন হওয়া ছাড়াই নিজেদের মতো করে তাদের টেকসই লক্ষ্য নির্ধারণ করার স্বাধীনতা পায়। যখন কোনো লক্ষ্য পূরণ হয় না, কোম্পানি সেটি সম্পর্কে রিপোর্ট না করার বিষয়টি বেছে নিতে পারে, এবং ভবিষ্যতে এটি বাদও দিয়ে দিতে পারে। যদি কোনো ESG স্বীকৃতি প্রদানকারী তাদের মূল্যায়নে খারাপ ফলাফল দেয় তাহলে কোম্পানিগুলো সে স্বীকৃতিপ্রাপ্তির স্কিম থেকে তাদের অংশগ্রহণ প্রত্যাহার করে নিতে পারে। উদাহরণস্বরূপ, যখন BAT, JTI ও ইম্পেরিয়াল ব্র্যান্ডস 2017 সালে তথ্য প্রকাশ ও প্রভাব এর উপর CDP ফরেস্ট্রি থেকে খারাপ মূল্যায়ন পায়, তিনটি কোম্পানিই এই স্কিম থেকে নিজেদের প্রত্যাহার করে নেয়।[13]

কোনো স্কিমে যখন তাদেরকে ইতিবাচকভাবে দেখানো হয় তখন এই কোম্পানিগুলো যেভাবে এসব তথাকথিত "টেকসই পুরস্কার" ব্যবহার করে সেটি গ্রিনওয়াশিং এর একটি উল্লেখযোগ্য উদাহরণ।

# গ্রিনওয়াশিং কী?

বিশ বছরেরও বেশি সময় আগে অক্সফোর্ড ইংলিশ ডিকশনারি গ্রিনওয়াশিং শব্দটি যোগ করে, সেটিকে নিম্নোক্তভাবে সংজ্ঞায়িত করেছে: "পরিবেশের প্রতি দায়িত্বশীল ভাবমূর্তি উপস্থাপন করার উদ্দেশ্যে কোনো সংস্থা কর্তৃক প্রচারকৃত মিথ্যা তথ্য।"

এর পরবর্তী দশকগুলোতে, তামাক সহ পৃথিবীর সবচেয়ে দূষণ সৃষ্টিকারী বা বিতর্কিত শিল্পগুলো গ্রিনওয়াশিং ব্যবহার করে আসছে। এই বিষয়ে যুক্তি দেখানো যায় যে তামাক কোম্পানি সমুদ্র সৈকত পরিষ্কার এবং পরিবেশ বিষয়ক ও দুর্যোগকালীন ত্রাণ সরবরাহকারী সংস্থাগুলোকে অনুদান প্রদান করার মাধ্যমে এই শিল্পের সুনাম ও পণ্যগুলো গ্রিনওয়াশ করতে সচেষ্ট থেকেছে। নিম্ন- ও মধ্যম-আয়ের দেশগুলোতে (LMIC) এই সব কার্যক্রম বিশেষভাবে চলমান যেসব দেশকে তামাক কোম্পানিগুলো বিক্রি ও মুনাফা বৃদ্ধির টার্গেট বানিয়ে থাকে।

সাম্প্রতিক বছরগুলোতে তামাক কোম্পানি নিজেদের ইতিবাচক ভাবমূর্তি তুলে ধরার ক্ষেত্রে আরো বেশি সচেষ্ট হওয়ার ফলে, তাদের গ্রিনওয়াশিং ক্রিয়াকলাপ ও প্রচারণা কার্যক্রম বৃদ্ধি পেয়েছে বলে প্রমাণ পাওয়া যায়।[14] উদাহরণস্বরূপ, 2014 সাল থেকে 2020 সালের মধ্যবর্তী সময়ে, PMI বিশ্বব্যাপী পরিবেশ বিষয়ক প্রকল্প এবং তথাকথিত সামাজিক দায়বদ্ধতা কর্মসূচি (CSR) পালনের জন্য ১৩ মিলিয়ন মার্কিন ডলারের বেশি ব্যয় করেছে। এই অনুদানের বেশিরভাগ ব্যয় হয়েছে এশিয়া, লাতিন আমেরিকা ও ইউরোপে। এর বিপরীতে, আফ্রিকান দেশগুলোতে অতি স্বল্প পরিমাণ অর্থায়ন করা হয়েছে, যাদের এই সাহায্যের সবচেয়ে বেশি প্রয়োজন ছিল এবং যেখানে প্রচুর তামাক চাষ হয়।[15] বেশিরভাগ প্রকল্পে সিগারেটের বর্জ্য যত্রতত্র ফেলে দেয়া সম্পর্কে সচেতনতা বৃদ্ধি এবং দুর্যোগকালীন ত্রাণ প্রদানের বিষয়ে জোর দেওয়া হয়েছে।[16] এই একই সময়কালে, কোম্পানিটি ১৮০ বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি মুনাফা অর্জন করেছে।[17]

তামাক শিল্পের গ্রিনওয়াশিং এর সুনির্দিষ্ট কিছু উদাহরণ নিম্নরূপ:

- ২০১১ সাল থেকে BAT ব্রাজিলের দক্ষিণ উপকূলের বনাঞ্চল সংরক্ষণের জন্য ব্রাজিলিয়ান তামাক চাষীদের অ্যাসোসিয়েশন, ব্রাজিলিয়ান ইনস্টিটিউট অব এনভায়রনমেন্ট এবং পরিবেশ বিষয়ক মন্ত্রণালয়ের সাথে জড়িত রয়েছে।[18]

- পশ্চিম আফ্রিকায়, PMI এর ভাবমূর্তি গ্রিনওয়াশ করার জন্য বুর্কিনা ফাসো, মালি ও সেনেগালে পানির সরবরাহের জন্য প্রজেক্ট ওয়াটারফল নামক প্রকল্প হাতে নিয়েছে।[19]

- ভারতে, ইম্পেরিয়াল ব্র্যান্ডস অন্ধ্র প্রদেশের কার্নুল জেলায় অ্যালায়েন্স ওয়ান এর সাথে তাদের লিফ অংশীদারিত্বের মাধ্যমে শিক্ষা, স্যানিটেশন ও স্বাস্থ্য বিষয়ক কর্মসূচিতে অর্থায়ন করছে, যার মধ্যে প্রটেক্ (PROTECT) নামক একটি স্থানীয় NGO-এর মাধ্যমে পরিবেশ বিষয়ক শিক্ষামূলক প্রচারণাও অন্তর্ভুক্ত রয়েছে।[20]

- এছাড়াও ভারতে, ২০১৮ সালের বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষ্যে, ভারতের সর্ববৃহৎ তামাক কোম্পানি, ITC, নিজেদের "১৪ বছরেরও বেশি" সময় ধরে "ওয়াটার পজিটিভ", "কার্বন পজিটিভ", ও "কঠিন বর্জ্য পুনর্ব্যবহারে পজিটিভ" হওয়ার দাবি করার মাধ্যমে এটি বোঝাতে সচেষ্ট হয় যে সর্বাঙ্গীন বিবেচনায় কোম্পানিটি পরিবেশের জন্য সুফল বয়ে আনছে।[21]

- বাংলাদেশে, BAT বাংলাদেশ গর্ব করে প্রচার করে থাকে যে কোম্পানিটি তাদের বনায়ন প্রকল্পের জন্য চার বার "প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার" অর্জন করেছে, [22]যদিও এটি স্পষ্ট সত্য যে তামাক চাষ বনভূমি উজাড় হওয়ার একটি শীর্ষ কারণ, বিশেষ করে LMIC-গুলোতে।[23]

- ২০২২ সালের ফেব্রুয়ারি মাসে, যুক্তরাজ্য ভিত্তিক ইম্পেরিয়াল ব্র্যান্ডস একটি প্রেস বিজ্ঞপ্তি জারি করে জানায় যে এটি জলবায়ু পরিবর্তন মোকাবেলার কৌশলসমূহের ক্ষেত্রে এর রসদ সম্পৃক্ত করার জন্য "বৈশ্বিক নেতা" হিসেবে স্বীকৃতি লাভ করেছে।[24]

- যুক্তরাষ্ট্রের তামাক কোম্পানি আলট্রিয়া "আমেরিকা সুন্দর রাখুন", জাতীয় মৎস ও বন্যপ্রাণী বিষয়ক ফাউন্ডেশন এবং সেন্টার ফর ওয়াটারশেড প্রটেকশন এর মতো উদ্যোগগুলো সহ যুক্তরাষ্ট্রের তথাকথিত CSR প্রকল্পগুলোতে অর্থায়ন করেছে।[25]

এধরনের কার্যক্রম এমন ধারণা দেয় যে তামাক শিল্প সামাজিক ও পরিবেশগত দিক থেকে দায়িত্বপূর্ণ ভূমিকা পালন করছে। কিন্তু এই শিল্প ধূমপায়ী, অধূমপায়ী ও কৃষকদের স্বাস্থ্যের অপরিমেয় ক্ষতি করে চলেছে।[26] আর তামাক যে শুধু মানুষের ক্ষতি করছে তাই নয়, বরং এটি পরিবেশেরও ক্ষতি করছে।

# তামাক ও নিকোটিনযুক্ত পণ্যের পরিবেশগত প্রভাব

যদিও কয়েক দশক ধরেই আমরা জানি যে তামাক স্বাস্থ্যের জন্য ক্ষতিকর, কিন্তু তামাক শিল্পের পরিবেশগত প্রভাবের দিকটি প্রায় ক্ষেত্রেই উপেক্ষিত থেকে যায়। তামাক প্রক্রিয়াজাতকরণের পুরো সময়জুড়ে তামাক বনভূমি উজাড় হওয়া, পানিদূষণ, বর্জ্য তৈরি ইত্যাদি নেতিবাচক পরিবেশগত প্রভাবও সৃষ্টি করে থাকে।

উৎপাদনের প্রতিটি ধাপে তামাক পরিবেশের উপর প্রভাব ফেলে। প্রতি বছর, আনুমানিক ছয় ট্রিলিয়ন সিগারেট উৎপাদনের জন্য ৩২ মিলিয়ন টন তামাক পাতা চাষ করা হয়।[27] বৈজ্ঞানিক গবেষণায় দেখা গেছে যে এটি ৮০ মিলিয়ন টন এর সমপরিমাণ কার্বন ডাই অক্সাইড (CO2) নি:সরণ এবং ব্যবহার করে। বছরে বছরে, বিশ্বব্যাপী তামাক উৎপাদনে প্রায় ২২ বিলিয়ন টন পানির ব্যবহার হয়, প্রায়ই এমন দেশগুলিতে যেখানে ইতিমধ্যেই পানি সরবরাহের ঘাটতি রয়েছে।[28] এটি প্রায় ৪.৪ মিলিয়ন অলিম্পিক-সাইজের সুইমিং পুল ভর্তি করার মতো সমপরিমাণ পানি।

বৈজ্ঞানিক গবেষণাগুলোতে আরো দেখা গেছে যে একটি সিগারেট এটির সম্পূর্ণ জীবনচক্রে ১৪ গ্রাম পর্যন্ত CO2 নির্গমনের সমপরিমাণ জলবায়ু পরিবর্তনের জন্য অবদান রাখে।[29] এছাড়াও তামাক চাষ ও প্রক্রিয়াকরণ উভয়ই সরাসরি বনভূমি উজাড় হওয়ার জন্য দায়ী। ১৯৭০-এর দশকের সময় থেকে আনুমানিক ১.৫ বিলিয়ন হেক্টর বনাঞ্চল (প্রধানত গ্রীষ্মমণ্ডলীয়) হারিয়ে গেছে, যার ফলে গ্রিনহাউজ গ্যাস নির্গমনের বার্ষিক পরিমাণ ২০% পর্যন্ত বৃদ্ধি পেয়েছে।[30]

প্রতি বছর প্রায় ৪.৫ ট্রিলিয়ন সিগারেটের বর্জ্য ফেলা হয় হয়, যা এটিকে পৃথিবীর সবচেয়ে বেশি ফেলে দেয়া বর্জ্য পদার্থে এবং সমুদ্র সৈকতে সবচেয়ে বেশি দেখতে পাওয়া বর্জ্য পদার্থে পরিণত করেছে।[31] এছাড়াও, ট্রুথ ইনিশিয়েটিভ কর্তৃক প্রকাশিত সাম্প্রতিক গবেষণায় দেখা গেছে যে একটি সিগারেটের বর্জ্য থেকে নিসৃত রাসায়নিক পদার্থ (এক লিটার পানিতে ২৪ ঘন্টা ভিজিয়ে রাখার পর) ৯৬ ঘন্টা ধরে সেটির সংস্পর্শে আসা লবণাক্ত পানি ও স্বাদু পানির মাছের মধ্যে ৫০%-কে মেরে ফেলার মতো যথেষ্ট পরিমাণে বিষ নির্গমন করে।[32] এমনকি এধরনের পরিসংখ্যান পাওয়া সত্ত্বেও, তুলনামূলকভাবে কম সংখ্যক সমন্বিত গবেষণা পরিচালিত হওয়ায় পরিবেশের উপর তামাকের সত্যিকারের প্রভাব এখনো অজানা রয়ে গেছে।[33]

যেহেতু আরও বেশি সংখ্যক তামাক কোম্পানি নতুন নিকোটিন এবং তামাকজাত দ্রব্য যেমন নিকোটিন পাউচ, ই-সিগারেট এবং উত্তপ্ত তামাকজাত দ্রব্য উৎপাদন শুরু করেছে, ইলেকট্রনিক বর্জ্য সহ সম্পূর্ণ নতুন ধরনের কিছু সমস্যা তৈরি হচ্ছে যেগুলো এই শিল্পের বৃহৎ পরিবেশগত প্রভাবকে আরো খারাপের দিকে নিয়ে যাবে। এসব পণ্য যে শুধু ভোক্তাদের নিকোটিনে আসক্ত করে রাখবে তাই নয়, বরং সেগুলো ব্যাটারির উপাদানের জন্য খনিজ পদার্থ উত্তোলন করা থেকে শুরু করে, প্লাস্টিক উৎপাদন, "ভ্যাপিং পড" ও ইলেক্ট্রনিক ডিভাইসগুলো ফেলেদেয়ার কারনে, সম্পূর্ণ নতুন একটি পরিবেশগত সংকটও তৈরি করবে।[34]

উদাহরণস্বরূপ, ২০১৯ সালের একটি গবেষণাপত্রে উল্লেখ করা হয় যে: "নতুন ধরনের প্লাস্টিক, ধাতু, কার্ট্রিজ, লিথিয়াম-আয়ন ব্যাটারি, ও ঘনীভূত নিকোটিন দ্রবণ [নিকোটিন ও তামাক ব্যবহারের নতুন ধরনের ইলেক্ট্রনিক ডিভাইসগুলোর মধ্যে দেখা যায়] ইত্যাদির ক্ষেত্রে দাহ্য সিগারেটের মতো প্রধানত উদ্ভিদজাত উপকরণ ও প্লাস্টিক ফিল্টার দিয়ে তৈরি পণ্যগুলোর তুলনায় উল্লেখযোগ্যভাবে অধিক মাত্রায় পরিবেশের উপর তীব্র প্রভাব সৃষ্টিকারী উৎপাদন প্রক্রিয়ার সংশ্লিষ্টতা রয়েছে।"[35]

## কাদের জন্য স্থায়ীত্বশীলতা?

এসব নতুন পণ্য সমসাময়িক নতুন গ্রিনওয়াশিং প্রচারণার মাধ্যমে বাজারে নিয়ে আসা হচ্ছে, যেখানে কোম্পানিগুলো যুক্তি তুলে ধরছে যে এসব নতুন পণ্য কোনো না কোনো ভাবে টেকসই পরিবেশের সাথে সম্পর্কযুক্ত। PMI-এর ওয়েবসাইটে কোম্পানিটি বলছে: "PMI-এর জন্য থায়ীত্বশীলতা হলো উদ্ভাবন, সমৃদ্ধি, ও দীর্ঘমেয়াদী ভ্যালু তৈরি করার একটি সুযোগ, এবং নেতিবাচক বাহ্যিক দিকগুলো ন্যূনতম পর্যায়ে রাখার পাশাপাশি কার্যপরিচালনার দক্ষতা ও সম্পদ বরাদ্দকরণ সর্বোচ্চ পর্যায়ে নিয়ে যাওয়ার একটি উপায়।"[36] তামাক কোম্পানিগুলো কিভাবে স্থায়ীত্বশীলতা বুঝাতে "সমৃদ্ধি" ও "ভ্যামান উন্নয়ন "-কে প্রধান চালিকাশক্তি হিসেবে গ্রহণ করেছে এই বিবৃতি সে বিষয়টিরই একটি সুস্পষ্ট উদাহরণ।

উদাহরণস্বরূপ, ২০২০ সালে BAT-এর রিব্র্যান্ডিং এর একটি গুরুত্বপূর্ণ অংশ ছিল স্থায়ীত্বশীলতা, যেখানে কোম্পানির ট্যাগলাইন "BAT: একটি উন্নত আগামী"-এ পরিবর্তন করার পাশাপাশি একটি নতুন লোগো ও রংধনু-থিমের ওয়েবসাইট দেখা গেছে। এছাড়া উপরের মেনু বারের পাঁচটি ফিচারকৃত হেডারের মধ্যে "স্থায়ীত্বশীলতা"-কেও রাখা হয়েছে। ২০২২ সালের ফেব্রুয়ারি মাসে, BAT দাবি করে যে এটি এর নতুন ব্র্যান্ডগুলোতে "ESG-কে সম্পৃক্ত করছে"।[37] এদিকে, কোম্পানিটি এই যুক্তিও তুলে ধরছে যে PMI-এর জন্য "PMI-এর ব্যবসায়িক কৌশলের কেন্দ্রে রয়েছে স্থায়িলিতশীলতা"।[38]

ইম্পেরিয়াল ব্র্যান্ডস বলছে এটির "স্থায়িত্ব বিষয়ক কৌশল" যা "আমাদের ব্যবসার দীর্ঘমেয়াদী সফলতার কেন্দ্রে অবস্থান করে এবং আমাদের স্টেকহোল্ডারদের জন্য শেয়ারকৃত ভ্যালু তৈরি করার প্রেরণার ভিত্তি হিসেবে কাজ করে", তিনটি বৃহৎ উল্লেখযোগ্য ভিত্তির উপর দাঁড়িয়ে আছে, যার মধ্যে একটি হলো তথাকথিত "পরবর্তী প্রজন্মের পণ্য"।[39]

JTI-এর ক্ষেত্রে, এটির স্থায়িত্ব বিষয়ক কৌশল কোম্পানিটিকে "আমাদের সাধারণ পরিকল্পনা চক্রের সময়কালের বাইরে তাকাতে এবং আমাদের ব্যবসা, আমাদের গ্রহের ভবিষ্যত, এবং আমরা যে সমাজে বসবাস করছি সেটির দীর্ঘ জীবনকাল সম্পর্কে ভাবতে" "উৎসাহিত করে"।[40] আবারো এখানে কোম্পানির দীর্ঘ স্থায়িত্তের কথা প্রথমে আসছে। এছাড়া কিভাবে "প্লাস্টিক সহ, অন্যান্য বর্জ্যের ব্যবস্থাপনা" কিভাবে এটির টেকসই লক্ষ্যসমূহের একটি অংশ সে সম্পর্কেও JTI কথা বলে।

এটাই হচ্ছে তামাক কোম্পানির নতুন গ্রিনওয়াশিং কুট কৌশল: জুক্তিগুল এমনভাবে দেয়া হয়েছে যে  যে যেসব পণ্য—জ্বালানি খরচ, উপকরণ ও বর্জ্য বিবেচনায় এখনো পর্যন্ত তাদের সবচেয়ে বেশি দূষণ সৃষ্টিকারী পণ্য হতে পারে—সেগুলো কোনো একভাবে শিল্পটির সবুজ, টেকসই ভবিষ্যতের অবিচ্ছেদ্য অংশ।

তামাক কোম্পানি সম্পূর্ণ নতুন একটি প্রজন্মকে নিকোটিন-ভিত্তিক অস্থিতিশীল পণ্যে আসক্ত করে তুলতে আগ্রহী ভোক্তাদের পুরোপুরিভাবে নিকোটিন বাদ দিতে অনুপ্রাণিত করতে নয়। উদাহরণস্বরূপ, BAT-এর ২০২১ সালের বার্ষিক রিপোর্টে কোম্পানিটি জানিয়েছে এটি "নতুন প্রাপ্তবয়স্ক প্রজন্মের চেতনা উদ্দীপিত করার একটি মিশনে নেমেছে"। BAT ২০৩০ সালের মধ্যে এটির অ-দাহ্য পণ্যের ভোক্তার সংখ্যা ৫০ মিলিয়নে উন্নীত করার লক্ষ্য নির্ধারণ করেছে।[41] এসব পণ্যের সবকয়টি পরিবেশের উপর প্রভাব ফেলবে।

## সুপারিশ এবং করনীয়

বিশ্বব্যাপী সরকারগুলো ও জনসাধারণকে সচেতন হতে হবে যে তামাক কোম্পানির গ্রিনওয়াশিং ক্রমশ বৃদ্ধি পাচ্ছে এবং এটি মোকাবেলা করা প্রয়োজন।

নিজেদের ভাবমূর্তি উন্নত করার জন্য কোম্পানির প্রচেষ্টাগুলো সত্ত্বেও, তামাক ব্যবহার অকাল মৃত্যুর অন্যতম শীর্ষ কারণ এবং পরিবেশ দূষণের একটি প্রধান কারণ হিসেবে রয়ে গেছে। এছাড়া তামাক কোম্পানির নিজেদের ভাবমূর্তি ইতিবাচক করার যতো কঠোর প্রচেষ্টাই গ্রহণ করুক না কেন, বিশ্ব স্বাস্থ্য সংস্থার (WHO) তামাক নিয়ন্ত্রণ বিষয়ক ফ্রেমওয়ার্ক কনভেনশন (FCTC) স্বাক্ষরকারী দেশগুলোর উপর এই শিল্পকে স্বাস্থ্য সংক্রান্ত নীতিমালার উপর প্রভাব বিস্তার করা থেকে দূরে রাখার বাধ্যবাধকতা রয়েছে।

WHO এবং STOP সব সরকারের প্রতি, বিশেষ করে WHO FCTC-এর পক্ষ সরকারগুলোর প্রতি এই শিল্পের গ্রিনওয়াশিং কার্যক্রম নিষিদ্ধকরণের জন্য আহবান জানাচ্ছে, কারণ এসব কার্যক্রমআর্টিকেল ৫.৩-এর প্রতিবন্ধকতা এড়িয়ে তামাক কোম্পানির পরিচালিত তথাকথিত CSR ও প্রচারের ক্যাম্পেইনের মূল অংশ। WHO FCTC-এর অধীনে দেশগুলো তামাক কোম্পানির CSR বন্ধের ব্যাবস্থা গ্রহন করতে পারবে কারন এই চুক্তির অধিনে তামাক কম্পানির গ্রীন্বাশিং প্রতিরধেরর জন্য সুস্পষ্ট নির্দেশনা রয়েছে।

এছাড়াও আমরা পরিবেশ ও স্থায়িত্বশীলতা বিষয়ক স্বীকৃতি প্রদানকারী সংস্থাগুলোকে তামাক কোম্পানির গ্রিনওয়াশিংকার্যক্রম সমর্থন না করা এবং তামাক কোম্পানিকে পুরস্কার প্রদান না করার আহবান জানাচ্ছি। পরিশেষে, আমরা নাগরিক সমাজ ও সরকারগুলোর প্রতি তামাক কোম্পানির সাথে পরিবেশ বিষয়ক কার্যক্রমে অংশীদারিত্ব প্রত্যাখ্যান করার আহবান জানাচ্ছি, জার মাধ্যমে তামাক কোম্পানি নিজেকে পরিবেশের বন্ধু হিসেবে উপস্থাপন করতে, অধিকতর বিস্তৃত প্রভাব প্রতিষ্ঠা করতে অথবা করে ব্যাপক প্রভাব বিস্তার করতে পারে।

## তথ্যসূত্র:


STOP / The University of Bath
https://exposetobacco.org/news/greenwashing/
https://tobaccotactics.org/wiki/greenwashing/

WHO:
https://www.who.int/fctc/guidelines/article_5_3.pdf
https://apps.who.int/iris/handle/10665/70894



A GLOBAL TOBACCO INDUSTRY WATCHDOG

**STOP (Stopping Tobacco Organizations and Products, তামাক-সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ও পণ্য বন্ধ করা) সম্পর্কে**

STOP (Stopping Tobacco Organizations and Products, তামাক-সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ও পণ্য বন্ধ করা) হলো বিশ্বব্যাপী তামাক শিল্পের উপর নজরদারি করার জন্য একটি সংস্থা যার লক্ষ্য হলো তামাক শিল্পের সেসব কৌশল ও কার্যপদ্ধতিগুলো জনসম্মুখে তুলে ধরা যেগুলো জনস্বাস্থ্যের ক্ষতি করে চলেছে। STOP ব্লুমবার্গ ফিলানথ্রোপিস-এর অর্থায়নে পরিচালিত এবং বাথ বিশ্ববিদ্যালয়ের তামাক নিয়ন্ত্রণ গবেষণা দল (TCRG), তামাক নিয়ন্ত্রণ বিষয়ক সুশাসন (GGTC) এর বৈশ্বিক কেন্দ্র, যক্ষ্মা ও ফুসফুসের রোগ বিরোধী আন্তর্জাতিক ইউনিয়ন (দ্য ইউনিয়ন) ও ভাইটাল স্ট্র্যাটেজিস-এর একটি অংশীদারিত্বের সমন্বয়ে গঠিত। আরো তথ্যের জন্য, exposetobacco.org ওয়েবসাইট দেখুন।

Global Center for Good Governance in Tobacco Control
The Union — International Union Against Tuberculosis and Lung Disease — Health solutions for the poor
Vital Strategies
UNIVERSITY OF BATH

# সূত্র


1 BAT, BAT in Dow Jones Sustainability Indices for 20th consecutive year – and only tobacco company in World Index, News Release, 15 November 2021, https://www.bat.com/group/sites/UK__9D9KCY.nsf/vwPagesWebLive/DOC8SCAG

2 BAT, Dow Jones Sustainability Indices – 20 consecutive years in the DJSI reflects our commitment to sustainability, undated, https://www.bat.com/djsi

3 BAT, BAT strikes gold again as a sustainability leader, 07 February 2022, https://www.bat.com/group/sites/UK__9D9KCY.nsf/vwPagesWebLive/DOCBBGXS

4 BAT, BAT recognised as a Climate Leader by the Financial Times, News Release, 18 May 2021, https://www.bat.com/group/sites/UK__9D9KCY.nsf/vwPagesWebLive/DOC34NUX

5 Jack Bowles, Kingsley Wheaton, Tadeu Marroco, Building a Better Tomorrow Faster Transformation, CAGNY, February 2022

6 PMI, Awards, Website, Undated, https://www.pmi.com/careers/our-awards

7 WHO, Tobacco, Website, 26 July 2021, https://www.who.int/news-room/fact-sheets/detail/tobacco

8 The four are BAT, JTI, PMI and Imperial Brands

9 Chris Sloley, How tobacco stocks can 'perversely' score highly on ESG, CitywireSelector, 9 March 2021, https://citywireselector.com/news/how-tobacco-stocks-can-perversely-score-highly-on-esg/a1477977

10 Tobacco Free Portfolios, Website, undated, https://tobaccofreeportfolios.org/

11 WHO, Tobacco – Key Facts, Website, 26 July 2021, https://www.who.int/news-room/fact-sheets/detail/tobacco

12 Green Business Bureau, ESG Reporting: Standards, Frameworks, Challenges and Benefits, 2 December 2021, https://greenbusinessbureau.com/topics/sustainability-benefits-topics/esg-reporting-standards-frameworks-challenges-and-benefits/

13 CDP Website, Company Scores, British American Tobacco, Japan Tobacco, Imperial Brands,

14 Tobacco Tactics Website, https://tobaccotactics.org/wiki/greenwashing/

15 PMI, Transparency in all we do, Website; undated, https://www.pmi.com/our-views-and-standards/standards/transparency

16 PMI, Transparency in all we do, Website; undated, https://www.pmi.com/our-views-and-standards/standards/transparency

17 Macrotrends, Philip Morris Revenue 2010-2021, Website, https://www.macrotrends.net/stocks/charts/PM/philip-morris/revenue

18 British American Tobacco, ESG Report 2019, BAT website, March 2020, accessed March 2020

19 PMI, Senegal, Website, https://www.pmi.com/markets/senegal/en

20 Imperial Brands, Raising standards for families in India, Imperial Brands website, 13 December 2018

21 ITC, Only Company in world to be water positive, carbon positive and solid waste recycling positive for over fourteen years, Website, Undated, https://www.itcportal.com/world-environment-day/index.html#

22 BAT Bangladesh, Our Corporate Social Responsibility, Website, undated, https://www.batbangladesh.com/group/sites/BAT_9T5FQ2.nsf/vwPagesWebLive/DO9T5K52

23 T. Novotny; S. Aguinaga Bialous; L. Burt; C. Curtis; V. Luiza da Costa; S. Usman Iqtidar; Y. Liu; S. Pujari; E. Tursan d'Espaignet, "The environmental and health impacts of tobacco agriculture, cigarette manufacture and consumption", Bull World Health Organ. 2015 Dec 1; 93(12): 877–880.https://www.ncbi.nlm.nih.gov/pmc/articles/PMC4669730/

24 Imperial Brands, Imperial again highlighted as a leader in climate action, Website, 10 Feb 2022, https://www.imperialbrandsplc.com/media/key-announcements/2022/imperial-again-highlighted-as-a-leader-in-climate-action.html?utm_source=twitter&utm_medium=social&utm_campaign=sustainability

25 Altria, 2019 Recipients of Charitable Contributions from the Altria Family of Companies, https://www.altria.com/-media/Project/Altria/Altria/responsibility/investing-in-communities/2019-grantees.pdf

26 WHO, Tobacco, 26 July 2021; https://www.who.int/news-room/fact-sheets/detail/tobacco; S Fotedar, V Fotedar. Green Tobacco Sickness: A Brief Review. Indian J Occup Environ Med. 2017 Sep-Dec;21(3):101-104. doi: 10.4103/ijoem.IJOEM_160_17. PMID: 29618907; PMCID: PMC5868082; https://www.ncbi.nlm.nih.gov/pmc/articles/PMC5868082/; Novotny; S. Aguinaga Bialous; L. Burt; C. Curtis; V. Luiza da Costa; S. Usman Iqtidar; Y. Liu; S. Pujari; E. Tursan d'Espaignet, "The environmental and health impacts of tobacco agriculture, cigarette manufacture and consumption", Bull World Health Organ. 2015 Dec 1; 93(12): 877–880

27 M. Zafeiridou; N. Hopkinson, N. Voulvoulis, "Cigarette Smoking: An Assessment of Tobacco's Global Environmental Footprint Across Its Entire Supply Chain", Environ. Sci. Technol. 2018, 52, 15, https://pubs.acs.org/doi/10.1021/acs.est.8b01533

28 M. Zafeiridou; N. Hopkinson, N. Voulvoulis, "Cigarette Smoking: An Assessment of Tobacco's Global Environmental Footprint Across Its Entire Supply Chain", Environ. Sci. Technol. 2018, 52, 15, https://pubs.acs.org/doi/10.1021/acs.est.8b01533

29 M. Zafeiridou; N. Hopkinson, N. Voulvoulis, "Cigarette Smoking: An Assessment of Tobacco's Global Environmental Footprint Across Its Entire Supply Chain", Environ. Sci. Technol. 2018, 52, 15, https://pubs.acs.org/doi/10.1021/acs.est.8b01533

30 WHO, Tobacco and its environmental impact: an overview, 30 May 2017, https://www.who.int/publications/i/item/9789241512497

31 Tik Root, Cigarette butts are toxic plastic pollution. Should they be banned? National Geographic., 9 August, 2019, https://www.nationalgeographic.com/environment/article/cigarettes-story-of-plastic; Novotny; S. Aguinaga Bialous; L. Burt; C. Curtis; V. Luiza da Costa; S. Usman Iqtidar; Y. Liu; S. Pujari; E. Tursan d'Espaignet, "The environmental and health impacts of tobacco agriculture, cigarette manufacture and consumption", Bull World Health Organ. 2015 Dec 1; 93(12): 877–880, https://www.ncbi.nlm.nih.gov/pmc/articles/PMC4669730/

32 The Truth Initiative, Tobacco and the environment, Website, March 08, 2021, https://truthinitiative.org/research-resources/harmful-effects-tobacco/tobacco-and-environment

33 Y. Hendlin, Y.H., S. A. Bialous, The environmental externalities of tobacco manufacturing: A review of tobacco industry reporting. Ambio 49, 17–34 (2020), https://doi.org/10.1007/s13280-019-01148-3; https://link.springer.com/article/10.1007/s13280-019-01148-3

34 Truth Initiative, A toxic, plastic problem: E-cigarette waste and the environment, 8 March 2021, https://truthinitiative.org/research-resources/harmful-effects-tobacco/toxic-plastic-problem-e-cigarette-waste-and-environment; Yogi Hale Hendlin, 2018: Alert: Public Health Implications of Electronic Cigarette Waste, American Journal of Public Health, 108, 1489_1490, https://doi.org/10.2105/AJPH.2018.304699 UK Gov, Take charge of battery safety when using e-cigarettes, 7 February 2020, https://www.gov.uk/government/news/take-charge-of-battery-safety-when-using-e-cigarettes

35 M. Zafeiridou; N. Hopkinson, N. Voulvoulis, "Cigarette Smoking: An Assessment of Tobacco's Global Environmental Footprint Across Its Entire Supply Chain", Environ. Sci. Technol. 2018, 52, 15, https://pubs.acs.org/doi/10.1021/acs.est.8b01533

36 PMI, Sustainability at PMI, Website, undated, https://www.pmi.com/sustainability

37 Jack Bowles, Kingsley Wheaton, Tadeu Marroco, Building a Better Tomorrow Faster Transformation, CAGNY, February 2022

38 PMI, Focusing on the priorities for PMI's sustainability strategy, website, 16 Feb 2022, https://www.pmi.com/sustainability/focusing-on-the-priorities-for-pmis-sustainability-strategy

39 Imperial Brands, Website, undated, https://www.imperialbrandsplc.com/sustainability.html

40 JTI, Integrated Report 2020, Year ended December 31, 2020, https://www.jti.com/sites/default/files/global-files/documents/jti-annual-reports/jt-integrated-report-2020.pdf

41 British American Tobacco, Accelerating a Better Tomorrow, Annual Report and Form 20-F 2021, https://www.bat.com/group/sites/UK__9D9KCY.nsf/vwPagesWebLive/DOAWWGJT/$file/BAT_Annual_Report_and_Form_20-F_2021.pdf